

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪৪/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ মাহবুবুর রহমান

পিতা-মৃত: আব্দুল জব্বার সরদার

গ্রাম ও পোস্ট- আটিপাড়া

উজিরপুর, বরিশাল।

প্রতিপক্ষ : জনাব খোন্দকার মজিবুর রহমান

উপজেলা শিক্ষা অফিসার (প্রাথমিক)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়

উজিরপুর, বরিশাল।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১০-০৬-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ মাহবুবুর রহমান ২০-০২-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে বরিশাল জেলার উজিরপুর উপজেলার উপজেলা শিক্ষা অফিসার (প্রাথমিক) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব খোন্দকার মজিবুর রহমান বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. ৭২ নং আটিপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কার্যনির্বাহী/ম্যানেজিং কমিটির পূর্ণাঙ্গ তালিকা (নাম, ঠিকানা, মোবাইল নম্বরসহ)।
২. সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনের নীতিমালা এবং কমিটির বিভিন্ন পদে প্রার্থীতার যোগ্যতার নীতিমালা ও নিয়মাবলীর কপি।
৩. উক্ত বিদ্যালয়ের বর্তমান পরিচালনা পরিষদের দাতা সদস্য পদে নির্বাচিত ব্যক্তির নাম, দানকৃত জমির দানপত্র/দলিলের সত্যায়িত কপি (মোবাইল নম্বরসহ)।
৪. বর্তমান কমিটির পূর্ববর্তী কমিটির পূর্ণাঙ্গ তালিকার অনুলিপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৬-০৪-২০১৪ তারিখে বরিশাল জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ৩০-০৪-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৯-০৫-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১০-০৬-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ মাহবুবুর রহমান ও প্রতিপক্ষ বরিশাল জেলার উজিরপুর উপজেলার উপজেলা শিক্ষা অফিসার (প্রাথমিক) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব খোন্দকার মজিবুর রহমান এবং তাকে সহায়তা করার জন্য বিজ্ঞ আইনজীবী জনাব মোঃ মাসুম বিল্লা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অঃ পৃঃ দঃ)

০৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর কোন তথ্য প্রাপ্তির আবেদন না পাওয়ায় তাকে তথ্য প্রদান করা সম্ভব হয়নি। কমিশনের নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

### পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য প্রাপ্তির আবেদন না পাওয়ায় অভিযোগকারীকে প্রার্থীত তথ্যাদি সরবরাহ করা সম্ভব হয়নি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য বলে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১২-০৬-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার জন্য বরিশাল জেলার উজিরপুর উপজেলার উপজেলা শিক্ষা অফিসার (প্রাথমিক) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব খোন্দকার মজিবুর রহমান কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. সাদেকা হালিম)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার